



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ১০.১০.২০২১

বাংলা একাডেমি প্রাঙ্গণে শিশুসাহিত্যিক রফিকুল হক দাদুভাইয়ের প্রতি শ্রদ্ধা নিবেদন

বিশিষ্ট শিশুসাহিত্যিক বাংলা একাডেমির ফেলো রফিকুল হক দাদুভাই আজ ১০ই অক্টোবর ২০২১ প্রয়াত হন। আজ বিকেল ৪:০০টায় বাংলা একাডেমি প্রাঙ্গণে রফিকুল হক দাদুভাই-এর মরদেহে শ্রদ্ধা নিবেদনের জন্য রাখা হয়।

বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদার নেতৃত্বে একাডেমি পরিবার পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এসময় একাডেমির পরিচালক, উপপরিচালক এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষে অতিরিক্ত সচিব মোঃ শওকত আলী এবং যুগ্মসচিব এ জে এম আব্দুলগ্যাহেল বাকী রফিকুল হক দাদুভাইয়ের মরদেহে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

এছাড়াও রফিকুল ইসলাম দাদুভাইয়ের মরদেহে শ্রদ্ধা নিবেদনে অংশ নেন কবি জাফর আহমদ রাশেদ, প্রকাশক দীপঙ্কর দাশ, কবি ইমরোজ সোহেল, কবি বাপ্পি সাহা, কবি তৌহিদুল ইসলাম কনক, কবি রুবেল আহম্মেদ এবং প্রয়াত রফিকুল হক দাদুভাইয়ের নিকটাত্মীয় নূরুল ইসলাম প্রমুখ।

বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রয়াত রফিকুল হক দাদুভাইয়ের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা পরিচালনা করেন একাডেমির পরিচালক ড. মো. হাসান কবীর।

রফিকুল হক দাদুভাইকে মিরপুর বুদ্ধিজীবী গোরস্থানে দাফন করা হবে।

সমীর কুমার সরকার

পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ

বাংলা একাডেমি, ঢাকা